

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারী ৩১, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অন্তর্গত সর্বমুদ্রা বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই মাঘ ১৩৯৯/৩০শে জানুয়ারী ১৯৯৩

এস,আর,ও, নং ১৮-আইন/৯২/৬১-মুদ্রক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১(১৯৯১ সনের ২২নং আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ নৌ-বাহিনীর সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভোগের নিষিদ্ধ Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর Heading No. 11 24.02 এবং উহার H.S. Code 2402.20 এর আওতাভুক্ত তানাকের তৈরী সিগারেটকে উহার উপর আরোপনীয় সমুদ্র মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নে বর্ণিত শর্তাধীনে এতদ্বারা অব্যাহতি প্রদান করিলেন :—

শর্তাবলী :

- (ক) করমুক্ত সিগারেট গ্রহণকল্পে নৌ-বাহিনীর সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক বা নৌ-বাহিনীর সদর দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষ সিগারেট সরবরাহকারীর নিকট করনাশেপকৃত সিগারেটের হ্যাণ্ড এবং পরিমাণ উল্লেখপূর্বক এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিবেন যে, উক্ত সিগারেট তাহার অধীনস্থ সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভোগের (মুদ্রপানের) জন্য বিতরণ করা হইবে ;
- (খ) উক্ত প্রত্যয়নপত্রের একটি অনুলিপি সরবরাহকারীর কার্যালয় যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার উপর এখতিয়ারসম্পন্ন সংশ্লিষ্ট শুল্ক, আবগারী ও ভ্যাট বিভাগীয় সহকারী/ডেপুটি কালেক্টরের নিকট প্রেরণ করিতে হইবে ;

(৫৯৯)

মূল্য: টাকা ১.০০

- (খ) সরবরাহকারী সিগারেটের প্রতিটি শলা, প্যাকেট ও প্যাকেটের গায়ে "Duty Free for B.N. Ships" শব্দগুলি স্পষ্ট অক্ষরে মুদ্রণ করিবেন।
- (ঘ) সরবরাহকারী প্রতিমাসে সরবরাহকৃত সিগারেটের ব্রাও ভিত্তিক পরিমাণ, উহার উপর আরোপনীয় মূল্য সংবোধন কর ও সম্পূর্ণ শুদ্ধের পরিমাণ, সংশ্লিষ্ট একটি বিবরণী উক্ত মাসের পূর্ববর্তি মাসের দশ তারিখের মধ্যে উপরিউক্ত বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

২। এই প্রজ্ঞাপন ৩০শে জুন, ১৯৯৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড: মসিউর রহমান

সচিব।